# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট    পূর্ণমান-৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ — গদ্য

১.▶ পরপর দুই পুত্র সন্তানের পর জরিনা বেগমের এক কন্যা সন্তানের জন্ম হলো। বাড়িতে সবার মনে কী যে আনন্দ! জরিনা বেগমের মনেও আনন্দ আর ধরে না। এক মুহূর্তও সে কন্যাকে চোখের আড়াল করে না। কন্যার নাম রাখল প্রত্যাশা। কিন্তু দুঃখের বিষয়, দশ বছর বয়সেও মেয়েটি সোজা হয়ে দাঁড়াতে পারে না। তার ডান পা'টা খানিক ছোট ও চিকন। ডান পায়ে কোনো শক্তি পায় না মেয়েটি। মেয়ের এ অবস্থায় বিরক্ত হয় জরিনা এবং তাকে একদমই সহ্য করতে পারে না। সে ভাবে, এ মেয়ে তার পাপের ফসল। মেয়েকে সে বিয়ে দেবে কীভাবে— এনিয়ে সারাক্ষণ দুশ্চিন্তায় ভোগে সে।

ক. 'সুভা' গল্পটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে? ১

খ. সুভা নিজেকে সর্বদা গোপন রাখার চেষ্টা করত কেন? ২

গ. উদ্দীপকের প্রত্যাশা চরিত্রটি 'সুভা' গল্পের কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? — ব্যাখ্যা করো। ৩

ঘ. শারীরিক প্রতিবন্ধী সন্তানকে ঘিরে সুভার মায়ের দৃষ্টিভঙ্গি ও জরিনা বেগমের দুশ্চিন্তার বিষয়টি বর্তমান সমাজ প্রেক্ষাপটের আলোকে বিশ্লেষণ করো। ৪

২.▶ পুঁইশাকের ওপর তাহার এই মেয়েটির কিরূপ লোভ তাহা তিনি জানিতেন। জিজ্ঞাসা করিলেন— কিরে ক্ষেন্তি, আর একটু চচ্চড়ি দিই? ক্ষেন্তি তৎক্ষণাৎ ঘাড় নাড়িয়া এ আনন্দজনক প্রস্তাব সমর্থন করিল। কি ভাবিয়া অন্নপূর্ণার চোখে জল আসিল, চাপিতে গিয়া তিনি চোখ উঁচু করিয়া চালের বাতায় গোঁজা ডালা হইতে শুকনা লঙ্কা পাড়িতে লাগিলেন।

ক. 'যাত্রাবদল' বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কোন ধরনের রচনা? ১

খ. 'ঠাকুরের হাঁড়ি দেখছি শিকেয় উঠেছে'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের অন্নপূর্ণার সঙ্গে 'আম-আঁটির ভেঁপু' গল্পের সর্বজয়ার সামঞ্জস্যপূর্ণ দিকটি আলোচনা করো। ৩

ঘ. "সামঞ্জস্যপূর্ণ দিকটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের মূল বিষয়বস্তুকে ধারণ করে না"— কথাটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৩.▶ বৃদ্ধ রহমত আলির চার ছেলে ছিল। ছেলেরা সবসময় পরস্পর কলহে লিপ্ত থাকত। ছেলেদের ভবিষ্যৎ সুখী জীবনের কথা চিন্তা করে তিনি একদিন ছেলেদের কিছু লাঠি নিয়ে

https://teachingbd24.com

তার কাছে আসতে বললেন। প্রথমে তিনি প্রত্যেকের হাতে একটি করে লাঠি দিয়ে ভাঙতে বললেন এবং ছেলেরা তা খুব সহজেই ভেঙে ফেলল। এরপর তিনি কতকগুলো লাঠি একত্রিত করে ছেলেদেরকে ভাঙতে বললেন। কিন্তু এবারে কোন ছেলেই লাঠিগুলোকে ভাঙতে পারল না। ছেলেরা তাদের ভুল বুঝতে পারল এবং ওয়াদা করল তারা আর কখনোই পরস্পর কলহ করবে না।

ক. 'অপমানে হতে হবে তাহাদের সবার সমান'- উক্তিটির রচয়িতা কে? ১

খ. 'সে যে ডাকার মত ডাকা'-কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের রহমত আলির চেতনায় 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. চেতনাগত সাদৃশ্য থাকলেও উদ্দীপক ও 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের প্রেক্ষাপট সম্পূর্ণ ভিন্ন-উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৪.▶ ইরানি নববর্ষকে 'নওরোজ' বা 'পারস্য নববর্ষ' নামে অভিহিত করা হয়। নওরোজ শব্দের অর্থ নতুন দিন। ইরানি সৌর বর্ষপঞ্জী অনুসারে দিনটি ইরানসহ বিশ্বের প্রায় ১৫টি দেশে পালিত হয়। সাধারণত বছরের ২০, ২১ অথবা ২২ মার্চ এ দিনটি উদযাপিত হয়। মূলত বছরের যে দিন দিন-রাত্রির দৈর্ঘ্য সমান হয় সেদিনটিতে ইরানি জাতি এটি পালন করে। এর সঙ্গে জরথুস্টবাদী ঐতিহ্য জড়িত। [সূত্র : উইকিপিডিয়া]

ক. 'শভিনিস্টিক' শব্দের অর্থ কী? ১

খ. নববর্ষের মধ্যদিয়ে কীভাবে ধর্ম নিরেপক্ষতার আদর্শ প্রতিফলিত হয়েছে? ২

গ. 'পয়লা বৈশাখ' প্রবন্ধ ও উদ্দীপকের আলোকে বাংলা নববর্ষ ও ইরানি নওরোজ এর মধ্যে তুলনা করো। ৩

ঘ. 'নববর্ষ পালনের মাধ্যমে প্রত্যেক জাতি তাদের স্বতন্ত্র ঐতিহ্যকে স্মরণ করে।'— 'পয়লা বৈশাখ' ও উদ্দীপকের আলোকে মন্তব্যটির বিচার করো। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ রসুলপুর গ্রাম থেকে নবীগঞ্জ উচ্চ বিদ্যালয়ে যাওয়ার একমাত্র রাস্তাটি গত বছর বন্যায় ভেঙে যায়। রাস্তাটি মেরামতের জন্য বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইউনিয়ন পরিষদে আবেদন করেন। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ব্যবস্থা গ্রহণের জন্য এতো সময় নষ্ট করতে থাকেন যে পুনরায় বর্ষা আসার উপক্রম হয়। এদিকে বিদ্যালয়ের শিক্ষার্থীরা সমস্যাটি নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করে এবং কোনো এক ছুটির দিনে টুকরি কোদাল নিয়ে নিজেরাই রাস্তাটি মেরামতে নেমে পড়ে। গ্রামের লোকজনও তাদের সাথে যোগ দেয়। এভাবে রাস্তাটি মেরামত হলে চেয়ারম্যান সাহেব বলেন, আমিও সরকারি কাজের মন্থর গতি দেখে ইউনিয়নবাসীদের সাথে নিয়ে কাজটি করার কথা ভাবছিলাম; কিন্তু তার আগেই কাজটি হয়ে গেল।

ক. 'মহী' শব্দের অর্থ কী? ১

খ. রান্নাঘরে হাঁড়ি চড়া বন্ধ হলো কেন? ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের সমস্যা সমাধান পদ্ধতির সাথে 'জুতা-আবিষ্কার' কবিতার সমস্যা সমাধান পদ্ধতির সাদৃশ্য-বৈসাদৃশ্যগুলো উল্লেখ করো। ৩

ঘ. "উদ্দীপকের চেয়ারম্যান সাহেব 'জুতা-আবিষ্কার' কবিতার মন্ত্রী গোবু চরিত্রের সমগোত্রী"— একথার যথার্থতা মূল্যায়ন করো। ৪

৬.▶ আমায় নহে গো — ভালোবাসো শুধু
ভালোবাসো মোর গান।
বনের পাখিরে কে চিনে রাখে
গান হলে অবসান। [সূত্র: কাজী নজরুল ইসলাম]

ক. জীবনানন্দ দাশ কোন পেশায় নিয়োজিত ছিলেন? ১

খ. লক্ষ্মীপেঁচা তার লক্ষ্মীটির তরে গান গাইবে কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'সেইদিন এই মাঠ' কবিতার যে ভাবের প্রতিফলন আছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি কবিতার সমগ্র ভাবের প্রতিনিধিত্ব করে কি? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ মুক্তিযুদ্ধে স্বামী, সন্তান হারিয়ে আজ অসহায় জীবন যাপন করেন বুবিনা। তিনি দেখেছেন নদীতে, বনভূমিতে অসংখ্য লাশ। মানুষ নিরাপদ আশ্রয়ের খোঁজে পাড়ি দিয়েছে দীর্ঘপথ। একমাত্র সন্তান জীবন দিয়ে তাঁকে উপহার দিয়েছে স্বাধীন মানচিত্র। তাই তো মায়ের চোখে আটকে থাকে লাল-সবুজ পতাকায় সন্তানের রক্তাক্ত মুখচ্ছবি।

ক. 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থের রচয়িতার নাম কী? ১

খ. কবি অপরাহ্নের আলোর ঝিলিককে 'দুর্বল' বলেছেন কেন? ২

গ. উদ্দীপকের বিষয়বস্তুর সাথে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার সাদৃশ্য আলোচনা করো। ৩

ঘ. 'উদ্দীপকটি পঠিত কবিতার ভাববস্তুকে ধারণ করেছে।'— মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

## গ অংশে — উপন্যাস

৮.▶ বোকাসোকা সজল বনে বাদাড়ে ঘুরে বেড়ায়। সবাই তাকে অবহেলা অনাদর করে। এমনকি তার মাও তার কাজে বিরক্ত। অথচ ১৯৭১ এর মার্চে যখন গভীর দুর্যোগ এলো দেশের উপর তখন এই বোকা সজলই তার বুদ্ধির খেলা দেখাল। চেয়ারম্যানের বাড়ি পুড়িয়ে দেওয়া থেকে শুরু করে হানাদার বাহিনীর গুপ্ত খবর মুক্তিযোদ্ধাদের কাছে পৌঁছে দিত।

ক. কে বুধাকে গরু চরানোর কাজ দিতে চায়? ১

খ. বুধা চাচির প্রতি কৃতজ্ঞ হয়ে উঠে কেন? ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের সজলই বুধার আর এক প্রতিচ্ছবি— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আংশিক চিত্র মাত্র— আলোচনা করো। ৪

৯.▶ উত্তর ইউরোপে কঙ্গো উপজাতি বাস করত। তাদের দিয়ে ইউরোপিয়ানরা পাহাড়ের পাথর কাটত। তাদের কোনো পারিশ্রমিক দিত না। খাবার দিত না। কঙ্গোরা এভাবে পরিশ্রম করে মারা যেত। যে কঙ্গো কাজ করতে চাইত না ইউরোপিয়ানরা তাদের ধরে এনে বুকে পাথর চাপা দিয়ে বন্দি করে রাখত। তবুও কঙ্গোরা কখনো প্রতিবাদ করেনি। কিন্তু সহ্য তাদের জীবনে মুক্তি আনতে পারেনি।

ক. নোলক মুয়া বুধাকে কী নামে ডাকে? ১

খ. বুধা কেন গ্রাম থেকে পালাতে চায় না? ২

গ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনাকে মনে করিয়ে দেয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আংশিক ভাব ধারণ করে আছে"— তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

## ঘ অংশ — নাটক

১০.▶ সম্প্রতি আহসান হাবিব নামে এক ভণ্ডপীরকে আটক করা হয়। সে দুস্থ অসহায়কে সাহায্যের নামে মানুষের কাছে থেকে অর্থ সংগ্রহ করত এবং সংগৃহীত এই অর্থ গরিব দুঃখীদের কাছে না পাঠিয়ে নিজে আত্মসাৎ করত।

ক. 'বহিপীর' নাটকটি প্রথম প্রকাশিত হয় কত সালে? ১

খ. 'বহিপীর' নাটকের নামকরণের প্রতীকী তাৎপর্য ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সঙ্গে তোমার পঠিত নাটকের বৈসাদৃশ্য নিরূপণ করো। ৩

ঘ. 'সকল যুগে সকল কালে বহিপীররা বর্তমান,— উদ্দীপক ও তোমার পঠিত নাটক অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

১১.▶ নবকুমারকে বনে ফেলেই তার সহযাত্রীরা চলে গেল। নবকুমার ঘুরতে ঘুরতে এক কাপালিকের সন্ধান পেল। কাপালিক তাকে আশ্রয় দিল কিন্তু তার মনে দুরভিসন্ধি ছিল। কাপালিকদের পূজার জন্য নরবলি দিতে হয়। নবকুমারকে বলি দেয়ার পূর্ব মুহূর্তে কাপালিকের পালিত কন্যা কপালকুণ্ডলা নবকুমারকে নিয়ে পালিয়ে যায়।

ক. 'বহিপীর' নাটকের রচয়িতা কে? ১

খ. 'বহিপীর' কেন স্বীকার করলেন যে, জমিদার সাহেবের ব্যাপারে তিনি নেহাতই ভুল করেছিলেন? ২

গ. কপালকুণ্ডলা ও হাশেমের মাঝে সাদৃশ্য নির্ণয় করো। ৩

ঘ. প্রমাণ করো যে, কাপালিক এক দিক থেকে বহিপীরের প্রতিনিধি। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট　　পূর্ণমান — ৩০　　বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা　　বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. পল্লিসাহিত্য বলতে আমরা কী বুঝব?
ক এর উপাদান পল্লির জীবন ও প্রকৃতি কেন্দ্রিক
খ এ সাহিত্যের অর্ধেক বাস্তব অর্ধেক অবাস্তব
গ এখানে শহুরে জীবন পুরোপুরি অনুপস্থিত
ঘ এ সাহিত্য পল্লির চাষাভুষাদের রচনা

২. 'আম-আঁটির ভেঁপু' গল্পে কাদের ডোবার ধারের আম গাছটায় গুটি ধরেছে?
ক পটলিদের　　খ সিয়ামদের
গ রানু দিদিদের　　ঘ ঘোষদের

৩. ইসলাম ধর্ম প্রচারের প্রথম দিকে মুসলমানগণ কোনটিকে কিবলা হিসেবে ব্যবহার করতেন?
ক বায়তুল হিকমা　　খ বায়তুল আমান
গ বায়তুল মুকাদ্দাস　　ঘ বায়তুল মুকাররম

৪. নিমগাছের সাথে কোনটি তুলনীয়?
ক কবিরাজের জীবন　　খ কবির জীবন
গ লক্ষ্মীবউটার জীবন　　ঘ বিজ্ঞজনদের জীবন

৫. 'শিক্ষা ছাড়া মনুষ্যত্ব বিকশিত হয় না।'— বক্তব্যটি তোমার পঠিত কোন প্রবন্ধের সঙ্গে সংগতিপূর্ণ?
ক বইপড়া
খ উপেক্ষিত শক্তির উদ্বোধন
গ শিক্ষা ও মনুষ্যত্ব
ঘ সাহিত্যের রূপ ও রীতি

৬. জীবনময়ের গলিতে ছেলেটি মমতাদির সঙ্গে কীভাবে চলতে লাগল?
ক সঙ্কুচিত হয়ে　　খ উঁচু হয়ে
গ প্রসারিত হয়ে　　ঘ নিচু হয়ে

৭. কালের যাত্রাপথে নববর্ষের কীসের পালাবদল ঘটেছে?
ক উৎসবের নামের　　খ উৎসবের তারিখের
গ উদযাপন রীতির
ঘ জাতিগত বৈচিত্র্যের

৮. লেখকের উপলব্ধিতে ম্যালেরিয়া বাড়ার সময়ে প্রত্যক্ষ জিনিস কেমন হতে থাকে?
ক ছোট হতে থাকে　　খ অস্পষ্ট হতে থাকে
গ অন্তর্হিত হতে থাকে　　ঘ বিশাল হতে থাকে

৯. মধুসূদন দত্ত কোন জেলায় জন্মগ্রহণ করেন?
ক যশোর　　খ খুলনা
গ মাগুরা　　ঘ কুষ্টিয়া

১০. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় স্বদেশপ্রেমের অনুপ্রেরণায় কোন মহাকাব্য রচনা করেছেন?
ক বৃত্রসংহার　　খ পলাশীর যুদ্ধ
গ মহাশ্মশান　　ঘ মেঘনাদবধ কাব্য

১১. শিশিরের জলে ভেজা চালতাফুলের গন্ধের ঢেউকে নরম বলা হয়েছে কেন?
ক সুগন্ধ বোঝাতে　　খ স্নিগ্ধতা বোঝাতে
গ সৌন্দর্য বোঝাতে
ঘ স্বাভাবিক বোঝাতে

১২. 'আঁধার ঘর' বলতে কী বোঝানো হয়েছে?
ক যে ঘরে শুধু অন্ধকার থাকে
খ দুঃখ-দারিদ্র্যের ক্লিষ্টতা
গ গ্রামের বাড়ির ছোট ঘর
ঘ যাদের ঘরের আলো নিভে গেছে

১৩. কবি নতুন খবরটি কোথায় পৌঁছে দেওয়ার আহ্বান জানিয়েছেন?
ক নতুন প্রজন্মের হাতে　　খ নবীনদের হাতে
গ অগ্রগতির মেলে　　ঘ কাপুরুষদের কাছে

১৪. ঢাকার রিকশাওয়ালার নাম কী?
ক সগীর আলী　　খ কেষ্ট দাস
গ রুস্তম শেখ　　ঘ মতলব মিয়া

১৫. সাধারণ মানুষের প্রতীক্ষা কার জন্য?
ক কবির　　খ নায়কের
গ শিল্পীর　　ঘ গায়কের

১৬. 'সাহসী জননী বাংলা' কবিতায় পথে পথে তেপান্তরে কে ঘোরে?
ক মুক্তিযোদ্ধা　　খ উদ্বাস্তু
গ বর্ণমালা　　ঘ নীলকমল

১৭. 'কাকতাড়ুয়া' উপন্যাসে ছবি আঁকার মানুষ কে?
ক বুধা　　খ আলি
গ শাহাবুদ্দিন　　ঘ মিঠু

১৮. বহিপীরের বাড়ি কোথায়?
ক ভেমরায়　　খ রেশমপুরে
গ রংপুরে　　ঘ সুনামগঞ্জে

১৯. বেঞ্চিতে চাদর গায়ে কে বসে?
ক হাশেম আলি　　খ বহিপীর
গ হাতেম আলি　　ঘ হকিকুল্লাহ

২০. তথাকথিত ছোটলোকদের সাথে সদাচরণ করা উচিত—
i. তাদের পুনর্বাসনের জন্য
ii. সামাজিক বৃহত্তর স্বার্থে
iii. জাতীয় ঐক্যের প্রয়োজনে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

২১. 'অবরুদ্ধ ঢাকা শহরে বসে মুক্তিফৌজ শব্দটা শুনলেও কেমন যেন অবিশ্বাস্য মনে হয়' কারণ হলো—
i. হানাদারদের অবস্থান দৃঢ় ছিল
ii. হানাদাররা বড় বেশি নির্মম ছিল
iii. মুক্তিবাহিনী হানাদারদের বলয় ভেদ করবে বলে লেখিকার ধারণা ছিল না
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

Teachingbd24.com

২২. 'আড়ঙ' বলতে বোঝায়—
i. হাট
ii. বাজার
iii. মেলা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. 'আমার পরিচয়' কবিতার মূলবক্তব্য হলো—
i. সমৃদ্ধ ইতিহাস বর্ণনা
ii. আবহমান ঐতিহ্য ও সাংস্কৃতিক বর্ণনা
iii. ক্ষুদ্র নৃগোষ্ঠীর অধিকার প্রতিষ্ঠা
কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৪. নিজের জমিদারি সম্পর্কে হাতেম আলি বহিপীরকে বলেছিল—
i. এটি ঢাকের ঢোল
ii. অন্তঃসারশূন্য
iii. দেখতে বড় কিছু ভেতরে ফাঁকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:
ধ্রুব বিদ্যালয়ের বিভিন্ন প্রতিযোগিতায় অনেকগুলো বই পুরস্কার পেয়েছে। বিভিন্ন উৎসব উপলক্ষে আত্মীয়দের কাছ থেকেও পেয়েছে অনেক বই। একুশের মেলা থেকে প্রতি বছর বেশ কিছু বই কিনে। সবমিলিয়ে বাড়িতে সে ছোট একটি লাইব্রেরি গড়ে তুলেছে। তার দেখাদেখি সহপাঠীরাও একই কাজে অনুপ্রাণিত হয়ে উঠেছে।

২৫. ধ্রুবর কাজটিকে লেখকের কোন উক্তির সফল বাস্তবায়ন বলা যায়?
ক বই পড়া ছাড়া সাহিত্যচর্চার উপায়ান্তর নেই
খ সাহিত্যচর্চার জন্য চাই লাইব্রেরি
গ সাহিত্যের মধ্যে আমাদের জাতি মানুষ হবে
ঘ গ্রামে গ্রামে লাইব্রেরি প্রতিষ্ঠা করা কর্তব্য

২৬. ধ্রুবর আদর্শ অনুসরণ করলে আমরা পাব—
i. স্বশিক্ষায় সুশিক্ষিত জাতি
ii. সাহিত্যচর্চার অনুকূল পরিবেশ
iii. শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষতি পুষিয়ে নিতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মানুষ সৃষ্টির সেরা জীব। মানুষের মর্যাদা সকল কিছুর ওপরে বলে বিবেচনা করা দরকার। কোনো ধর্মনীতি, কোনো সংস্কার জীবনের চেয়ে বড় হতে পারে না। কেননা এ জগতে যা কিছু রয়েছে, সবই মানুষের কল্যাণের জন্য নিয়োজিত।

২৭. উদ্দীপকের মূলবক্তব্যের বিপরীত বক্তব্য 'মানুষ' কবিতার কোন চরণে দেখা যায়?
ক ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়
খ ভ্যালা হলো দেখি লেঠা
গ নামাজ পড়িস বেটা
ঘ দ্বার খোলো বাবা, খাইনি তো সাত দিন

২৮. উদ্দীপকটির বক্তব্যের সমার্থক বক্তব্য 'মানুষ' কবিতায় যে চরণে লক্ষ করা যায় তা হলো—
i. মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
ii. সব দেশে সব কালে ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি
iii. নাই দেশ-কাল, পাত্রের ভেদ, অভেদ ধর্মজাতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মহান বীর নৌ-সৈনিক রুহুল আমিন মৃত্যুর পূর্ব মুহূর্তেও যুদ্ধ করেছেন। নিজেকে বাঁচানোর কোনো চেষ্টা করেন নি। গোলার আঘাতে তাঁর যুদ্ধ জাহাজ 'পদ্মা' যখন জ্বলে তখন তিনি নদীতে ঝাঁপ দিলেন। তীরে দাঁড়ানো রাজাকারেরা তাকে হত্যা করে।

২৯. উদ্দীপকটিতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ভাবটি ফুটে উঠেছে?
ক মুক্তিযোদ্ধার যুদ্ধ চালিয়ে যাওয়া
খ মুক্তিযোদ্ধার পলায়ন করা
গ মুক্তিযোদ্ধার পরাজিত হওয়া
ঘ মুক্তিযোদ্ধার আপসহীন মনোভাব

৩০. উদ্দীপকের সাথে উপন্যাসের সাদৃশ্যপূর্ণ ভাবটি হলো—
i. মুক্তিবাহিনীর অবদান
ii. প্রাণের চেয়ে দেশ বড়
iii. রাজাকাররা নির্মম ও নিষ্ঠুর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | গ | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com